


এইচএসসির বিদেশের কেন্দ্রগুলোয় পাসের হার ৯৪ শতাংশ



ছবি- ফোকাস বাংলা

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৬ নভেম্বর ২০২৩ | ১৯:২৯ | আপডেট: ২৬ নভেম্বর ২০২৩ | ২২:৩০



চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষার ফলে দেশের ১১টি শিক্ষা বোর্ডে গড় পাসের হার ৭৮ দশমিক ৬৪ শতাংশ।

এইচএসসি পরীক্ষায় এবার বিদেশে আটটি কেন্দ্রে অংশ নেওয়া পরীক্ষার্থীদের পাসের হার ৯৪ দশমিক ৩৯ শতাংশ।

রোববার দুপুরে আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটে এইচএসসি, আলিম, এইচএসসি (ভোকেশনাল/বিএম/ডিপ্লোমা ইন কমার্স) পরীক্ষা ২০২৩ এর ফল প্রকাশ উপলক্ষে সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এ কথা বলেন।

তিনি বলেন, বিদেশের কেন্দ্রে অংশগ্রহকারী মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৩২১ জন। তাদের মধ্যে উত্তীর্ণ হয়েছে ৩০৩ জন। অনুত্তীর্ণ ১৮ জন। শতভাগ উত্তীর্ণ প্রতিষ্ঠানের সংখ্যা ৩টি। বিদেশে মোট ৮টি কেন্দ্রে এ বছর এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়।